

ঈদ উপলক্ষে ৩ রুটে বিমানের বিশেষ ফ্লাইট

- A Monitor Desk Report

Date: 18 March, 2025



ঢাকাঃ পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে ঘরমুখো মানুষের বাড়ি ফেরা সহজ করতে বিশেষ ফ্লাইট পরিচালনার ঘোষণা দিয়েছে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স।

যাত্রীদের অতিরিক্ত চাপ সামাল দিতে রাজশাহী, সৈয়দপুর ও বরিশাল রুটে নির্ধারিত ফ্লাইটের পাশাপাশি অতিরিক্ত ফ্লাইট চালু করছে সংস্থাটি।

সোমবার (১৭ মার্চ) বিমান বাংলাদেশ এয়ারলাইন্স জানায়, ঈদে যাত্রীদের বাড়ি ফেরার বিষয়টি মাথায় রেখে ঢাকা-রাজশাহী-ঢাকা রুটে ২৬, ২৭, ২৮, ২৯ ও ৩০ মার্চ অতিরিক্ত ফ্লাইট পরিচালিত হবে। একইভাবে ঢাকা-সৈয়দপুর-ঢাকা রুটেও ২৬ থেকে ৩০ মার্চ পর্যন্ত প্রতিদিন বিশেষ ফ্লাইট থাকবে। এ ছাড়া ঢাকা-বরিশাল-ঢাকা রুটে ২৭ মার্চ একটি অতিরিক্ত ফ্লাইট পরিচালনা করা হবে।

বিমান জানায়, ঈদযাত্রা নির্বিঘ্ন করতে বিশেষ এই ফ্লাইটগুলো যুক্ত করা হয়েছে। যাত্রীদের আগে থেকেই টিকিট বুকিং করার পরামর্শ দেওয়া হয়েছে, যাতে তারা নির্দিষ্ট দিনে নির্ধারিত ফ্লাইটে যাত্রা নিশ্চিত করতে পারেন।

-B